

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এর অতিথিশালার প্রতিবেদন

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এর ভিতরে রয়েছে উন্নত মানের অতিথিশালা। এখানে সর্বমোট নয়টি কক্ষ রয়েছে। অতিথিশালার এই কক্ষগুলোতে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) এর কাজের সাথে সম্পর্ক রয়েছে এমন কেউ অথবা ঢাকার বাইরে থেকে আগত এমন কোনো সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং দেশি-বিদেশি কবি-সহিত্যিক, বিশিষ্ট পন্ডিত, ভাষাবিজ্ঞানী, গবেষক বা অনুরূপ কোনো ব্যক্তি অবস্থান করতে পারবেন।

নিম্নে কক্ষ সমূহের ভাড়া (প্রতি পূর্ণ দিবসে) উল্লেখ করা হলো :

ক্রম	ব্যক্তি	রুম ভাড়া	ভ্যাট ১৫%	আইটি ৫%	মোট ভাড়া
১.	সরকারি কর্মকর্তা	৫০০ টাকা	৭৫ টাকা	২৫ টাকা	৬০০ টাকা
২.	আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা	৭০০ টাকা	১০৫ টাকা	৩৫ টাকা	৮৪০ টাকা
৩.	দেশি কবি-সহিত্যিক, বিশিষ্ট পন্ডিত, ভাষাবিজ্ঞানী, গবেষক	৭০০ টাকা	১০৫ টাকা	৩৫ টাকা	৮৪০ টাকা
৪.	বিদেশি নাগরিক	২০০০ টাকা	৩০০ টাকা	১০০ টাকা	২৪০০ টাকা

### অতিথিশালাতে প্রদত্ত সুবিধা সমূহ :

১. একটি সেমি ডাবল বেড
২. একটি ড্রেসিং টেবিল
৩. একটি আলমারি
৪. একটি সোফা
৫. একটি রিডিং টেবিল
৬. লাইট
৭. এসি
৮. এটাচ ওয়াশরুম
৯. রুম এ্যাটেনডেন্ট

### অতিথিশালা ব্যবহারের ক্ষেত্রে নিষিদ্ধ/ অনুসরণীয় বিষয়গুলো নিম্নরূপ:

১. রাত্রি ১১:০০ টার মধ্যে গেস্টহাউজে ফিরতে হবে;
২. গেস্টহাউজে অবস্থাকালে কোনো অসামাজিক কাজে জড়িত হওয়া যাবে না;
৩. গেস্টহাউজে অবস্থানকালে রাষ্ট্র ও সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়, কোনো ধর্মবিশ্বাস বা কোনো বিশেষ জনগোষ্ঠীর অনুভূতিতে আঘাত লাগে, এরূপ কর্মকাণ্ড করা যাবে না;
৪. কক্ষের অভ্যন্তরে মদ্যপান, জুয়া খেলা যাবে না;
৫. কক্ষের অভ্যন্তরে সকল মালামাল নিজ দায়িত্বে রাখতে হবে;
৬. বোর্ডার ব্যতীত কোনো ব্যক্তির গেস্টহাউজে অবস্থান গ্রহণযোগ্য নয়;
৭. গেস্টহাউজের কোনো স্থাবর/অস্থাবর সম্পত্তির ক্ষতিসাধন করা যাবে না;
৮. অতিথি গেস্টহাউজ ত্যাগ করতে ইচ্ছা পোষণ করলে সকাল ১১:০০ টার মধ্যে গেস্টহাউস ত্যাগ করতে হবে। দুপুর ১২:০০টার পর হতে পরবর্তী পূর্ণদিবস গণনা শুরু হবে;
৯. প্রতি পূর্ণ দিবসের ভাড়ার টাকা সন্ধ্যা ৭:০০ (সাত) টার মধ্যে দায়িত্বপ্রাপ্ত কেয়ারটেকার বা কর্মচারীর নিকট জমা দিতে হবে।